

নং-স্বাপকম/শুংখলা-১/১-৬৬/২০০৩/১২১

তারিখঃ ১০.১০.২০১৮
০২.০২.২০১৯

আদেশ

যেহেতু ডাঃ নাসির আহমেদ (৩৭১০৩), প্রাক্তন রেজিষ্টার, কিডনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা ০২.০৭.২০০৩ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আশীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ নাসির আহমেদ (৩৭১০৩)-কে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;


যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

একলে সেহেতু সরকারী কর্মচারী (শুংখলা ও আশীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ নাসির আহমেদ (৩৭১০৩), প্রাক্তন রেজিষ্টার, কিডনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০২.০৭.২০০৩ হতে সরকারী চাকুরী থেকে বরখাস্ত করা হলে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহম্মদ হুমায়ুন কবির)
সচিব


উপ-নিয়ুক্তক
বাংলাদেশ ফার্মস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-স্বাপকম/শুংখলা-১/১-৬৬/২০০৩/১২১/২ (১০)

তারিখঃ ১০.১০.২০১৮
০২.০২.২০১৯

সমন্বিত অধিকারিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়; তেজগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা
- ৪। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো।)
- ৫। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। প্রথম হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৯। সিনিয়র স্তম্ভ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ নাসির আহমেদ (৩৭১০৩), প্রাক্তন রেজিষ্টার, কিডনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মৃত মৌলভী মোঃ আব্দুল গনি, নুরানী-০২/১১, মোঘলটুলী, সুবিদবাজার, সিলেট-৩১০০)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭২৭২২৪২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শুংখলা-১/১-৪১/২০০৬-১৫৭

তারিখঃ ০২.০২.২০১২ খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ হাবিবুল কবীরিয়া, ফার্মাকোলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড, ঢাকা (প্রাক্তন প্রকিউরমেন্ট অফিসার, সিএমএসডি, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ত(বি) ত(ডি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উপর বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ হাবিবুল কবীরিয়া, ফার্মাকোলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড, ঢাকা-এর বিরুদ্ধে অনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় অনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হলো।



(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-স্বাপকম/শুংখলা-১/১-৪১/২০০৬- ১৫৭/১ (৬)

তারিখঃ ০২.০২.২০১২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। জনাব মোঃ হাবিবুল কবীরিয়া, ফার্মাকোলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড, ঢাকা



(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd